**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 10-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-50 PM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ পুর নিয়োগ দুর্নীতি কান্ডে দমকল মন্ত্রী সুজিত বসুর অফিস ও তাঁর ছেলের রেস্তোরাঁতে ইডি আজ তল্লাশি চালিয়েছে। এর পাশাপাশি ব্যাঙ্ক প্রতারণার ঘটনার তদন্তে'ও তারা বেশ কয়েকটি জায়গায় হানা দিয়েছে।

২/ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালের বিরুদ্ধে যে অভিযোগ এনেছেন, বিজেপি তা' প্রমাণ করার দাবি জানিয়েছে।

# ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী-SIR নিয়ে সংখ্যালঘুদের প্ররোচনায় পা না দেওয়ার আবেদন জানিয়েছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

৩/ ভারতীয় ডাক বিভাগ, EPIC তৈরীর পাঁচ দিনের মধ্যে ভোটারদের হাতে সচিত্র পরিচয় পত্র তুলে দেবে।

৪/ পশ্চিমবঙ্গের কিছু অংশ থেকে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু বিদায়ের অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছে। # তার আগে আজ কলকাতায় প্রবল বর্ষণে জনজীবন ব্যাহত।

৫/ কালীপুজো ও দীপাবলির আগে পরিবেশবান্ধব সবুজ বাজি মানুষের কাছে পৌঁছে দিতে ১৪ অক্টোবর থেকে শহরে চারটি বাজি বাজার বসছে।

৬/ রক্ষণাবেক্ষণের কাজের জন্য দ্বিতীয় হুগলি সেতুতে যান চলাচল ২ দিন বন্ধ রাখা হবে।

*******************************************************************

পুর নিয়োগ দুর্নীতি কান্ডে দমকল মন্ত্রী সুজিত বসুর অফিস ও তাঁর ছেলের রেস্তোরাঁতে ইডি আজ তল্লাশি চালিয়েছে। এর পাশাপাশি ব্যাঙ্ক প্রতারণার ঘটনার তদন্তে'ও তারা বেশ কয়েকটি জায়গায় হানা দিয়েছে।

আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, আজ সকাল ৬'টা থেকে তদন্তকারী সংস্থাটি কলকাতা ও তার আশপাশের ১৩'টি জায়গায় তল্লাশী চালায়। প্রায় ১০ ঘন্টা ধরে এই তল্লাশী চলে। সুজিত বসুর পুত্র সমুদ্র বসুর ধাবা এবং তাঁর ঘনিষ্ঠ দক্ষিণ দমদম পুরসভার ভাইস চেয়ারম্যান নিতাই দত্তের লেকটাউনের বাড়ি এবং গুদামেও ইডি তল্লাশী চালায়। নাগেরবাজারে এক ব্যাবসায়ী দীপক দে, কাঁকুড়গাছিতে অডিটার সঞ্জয় পোদ্দারের বাড়িতে তল্লাশী চালানো হয়।

অন্যদিকে, ব্যাঙ্ক প্রতারণা কান্ডে ইডি কলকাতায় সাত জায়গায় তল্লাশী চালিয়েছে। সকাল থেকে গিরীশ পার্কে চার্টাড একাউটেন্ট বিশাল পাতোদিয়ার বাড়ি এবং শরৎ বোস রোড, নিউ আলিপুর ও আরও কয়েককটি জায়গায় তল্লাশী চালিয়েছে।

উল্লেখ্য একটি স্বর্ণালংকার সংস্থার কর্তার ব্যাঙ্ক জালিয়াতি অভিযোগে এই তল্লাশি চালানো হয়েছে।

*************************

বিজেপি, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালের বিরুদ্ধে আনা অভিযোগ প্রমাণ করার দাবি জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ কলকাতায় সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজি গতকাল নির্বাচন কমিশন এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে যে ভাষায় আক্রমণ করেছেন তা সরাসরি হুমকি দেওয়ারই নামান্তর। মুখ্যমন্ত্রী, মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে দুর্নীতি ও রাজ্যের সরকারি আধিকারিকদের ভয় দেখানোর যে অভিযোগ এনেছেন, তার নাম প্রকাশ্যে আনা সহ এর স্বপক্ষে তথ্য প্রমাণ পেশের দাবিও জানান তিনি।

(বাইট- শুভেন্দু)

পাশাপাশি ইআরও নিয়োগের ক্ষেত্রেও নির্বাচন কমিশনের নির্দেশ অমান্য করা হচ্ছে বলে শ্রী অধিকারী আরো অভিযোগ করেন।

উল্লেখ্য, বিরোধী দলনেতার নেতৃত্বে বিজেপি বিধায়কদের এক প্রতিনিধিদল আজ এই দুটি বিষয়ে অভিযোগ জানিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের মাধ্যমে নির্বাচন কমিশনে চিঠি দেন।

************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী-SIR নিয়ে সংখ্যালঘুদের প্ররোচনায় পা না দেওয়ার আবেদন জানিয়েছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি অভিযোগ করেন, এর আগেও সংশোধিত নাগরিকত্ব আইন বা CAA চালু হলে মুসলিম ভোটারদের নাম তালিকা থেকে বাদ যাবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দাবি করেছিলেন। তবে CAA চালু হওয়ার ২বছর কেটে গেলেও কোন বৈধ ভোটারের নামই তালিকা থেকে বাদ যায়নি।

তাই SIR নিয়েও কোন প্ররোচনায় পা না দেওয়ার জন্য আর্জি জানান সুকান্তবাবু। ২০০২-এ ভোটার তালিকায় যাদের নাম ছিল, তাদের নাম কোনোভাবেই বাদ যাবে না বলে আশ্বাস দিয়েছেন তিনি।

( বাইট- সুকান্ত )

উল্লেখ্য, উত্তরবঙ্গে বন্যা কবলিত মানুষের সাহায্যার্থে সুকান্ত মজুমদারের নেতৃত্বে বিজেপি কর্মীরা আজ গরিয়াহাট বাজারে ত্রাণ সংগ্রহ করেন।

************************

কংগ্রেস অভিযোগ করেছে, SIR-এর নামে এন আর সি করার চক্রান্ত চলছে। প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক, প্রাক্তন বিধায়ক মিল্টন রশিদ আজ সাংবাদিকদের বলেন, SIR- এর নামে যদি একজন বৈধ ভোটদাতারও নাম বাদ যায়, তাহলে তিনি যে সম্প্রদায়েরই হোক না কেন তার বিরুদ্ধে কংগ্রেস জোরালো প্রতিবাদ জানাবে।

এদিকে, ভোটে যাতে কোন কারচুপি না হতে পারে সেই দাবিতে প্রদেশ কংগ্রেস ফের আজ কলকাতায় গণস্বাক্ষর অভিযান পালন করে। মধ্য কলকাতার বউবাজারে আজ প্রদেশ কংগ্রেসের এই কর্মসূচিতে দলীয় সভাপতি শুভঙ্কর সরকার, এ আই সি সি র সাধারণ সম্পাদক গোলাম আহমেদ মীর AICC- র সম্পাদক অম্বা প্রসাদ, কংগ্রেস নেতা অমিতাভ চক্রবর্তী প্রমুখ অংশ নেন।

************************

উত্তর মালদার বিজেপি সাংসদ, আদিবাসী নেতা খগেন মুর্মুর ওপর আক্রমণের প্রতিবাদে দক্ষিণ দিনাজপুর জেলার আদিবাসী মানুষজন, আজ জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান। বেলা দেড়টা নাগাদ তারা তীর ধনুক ও অস্ত্র-শস্ত্র নিয়ে বুনিয়াদপুর শহরের চৌপথীতে জাতীয় সড়ক অবরোধ করেন। এক ঘন্টার'ও বেশী সময় ধরে চলা এই অবরোধের জেরে আটকে পড়েন যাত্রীরা। পড়ে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

উল্লেখ্য, নাগরাকাটায় গত সোমবার ত্রাণ বিলির সময় সাংসদ খগেন মুর্মু ও বিধায়ক শংকর ঘোষ আক্রান্ত হন।

************************

ভারতীয় ডাক বিভাগ, EPIC তৈরীর পাঁচ দিনের মধ্যে ভোটারদের হাতে সচিত্র পরিচয় পত্র তুলে দেবে। জাতীয় ডাক সপ্তাহ উপলক্ষ্যে ডাক বিভাগের পশ্চিমবঙ্গ সার্কেলের চিফ পোস্টমাস্টার জেনারেল অশোক কুমার কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে একথা

জানান। নির্বাচন কমিশনের কাছ থেকে সচিত্র পরিচয় পত্র পাওয়ার পর পাঁচ দিনের মধ্যেই ভোটাররা তা' হাতে পাবেন বলেও তিনি উল্লেখ করেন।

( বাইট- অশোক কুমার )

নির্বাচন কমিশন ১৫ দিনের মধ্যে EPIC পৌঁছে দেওয়ার নির্দেশ দেয়।

উল্লেখ্য, চলতি মাসের ৬'তারিখ থেকে আজ পর্যন্ত এই ডাক সপ্তাহ পালিত হচ্ছে। এবছরের থিম ছিল- 'আধুনিকীকরণ, ডিজিটাল রূপান্তর ও গ্রাহক কেন্দ্রিক পরিষেবা'।

**************************

দেশের বেশ কিছু অংশ থেকে ইতোমধ্যেই বর্ষা বিদায় নিয়েছে। পশ্চিমবঙ্গের কিছু অংশ থেকেও দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু বিদায়ের অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছে।

তবে মৌসুমী বায়ু বিদায়ের আগে আজ দুপুর নাগাদ কলকাতা ও পার্শ্ববর্তী এলাকার বিভিন্ন জায়গায় বজ্রবিদ্যুৎ সহ প্রবল বৃষ্টির জেরে রাস্তায় জল জমে যায়, পথ চলতি মানুষ সমস্যায় পড়েন।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- কাশফিন )

**************************

ধসের দরুণ বন্ধ থাকা, এরাজ্যে সঙ্গে সিকিমের মূল সংযোগকারী ১০ নম্বর জাতীয় সড়কে যান চলাচল আজ বিকেল থেকে আংশিক শুরু হয়েছে। ঐ সড়কে ২৯ মাইল থেকে গেলখোলা পথে ফের ধস নামায় গতরাত থেকে সেখানে যান চলাচল বন্ধ ছিল।

**************************

কালীপুজো ও দীপাবলির আগে পরিবেশবান্ধব সবুজ বাজি মানুষের পৌঁছে দিতে ১৪ অক্টোবর থেকে শহরের চারটি বাজি বাজার বসছে। শহিদ মিনার সংলগ্ন মাঠ, উত্তর কলকাতার টালা ময়দান, দক্ষিণ কলকাতার বেহালা এবং EM বাইপাস লাগোয়া কালিকাপুর মাঠে বিশে অক্টোবর পর্যন্ত বাজার চলবে।

************************

রক্ষণাবেক্ষণের কাজের জন্য দ্বিতীয় হুগলি ব্রিজে ফের যান চলাচল ২ দিন বন্ধ রাখা হবে। আগামীকাল (শনিবার) ভোর ৫টা থেকে সকাল ৯টা পর্যন্ত বন্ধ থাকবে শহরের অন্যতম ব্যস্ত এই সেতু।

একইসঙ্গে রবিবার দুপুর ৩টে থেকে রাত ৮টা পর্যন্তও পুরোপুরি যান চলাচল বন্ধ থাকবে এই সেতুতে।

*************************************************************